

ব্লিন ক্যাম্পাস র্য়ালি ও সচেতনতামূলক আলোচনা সভা অনুষ্ঠিত



১৯ অক্টোবর ২০২১-মঙ্গলবার পরিবেশ উন্নয়ন ও পরিষ্কার-পরিচ্ছন্নতা কমিটি, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে ভাষা শহীদ রফিক ভবন চত্বরে ব্লিন ক্যাম্পাস র্য়ালি ও সচেতনতামূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। র্য়ালির উদ্বোধক ও আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক।

পরিবেশ উন্নয়ন ও পরিষ্কার-পরিচ্ছন্নতা কমিটি, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আহবায়ক এবং ভূগোল ও পরিবেশ বিভাগের চেয়ারম্যান জনাব মোহাম্মদ আবদুল কাদেরের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ। এসময় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ নূরে আলম আব্দুল্লাহ, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. শামীমা বেগম, প্রক্টর সহ অন্যান্য শিক্ষক-শিক্ষিকা এবং কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সহকারী রেজিস্ট্রার জনাব কামাল হোসেন সরকার।